

ইসলামিক বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৫/১১/২০০২
পূর্বাঞ্চলিক কামিল

NOV. 15 2002



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশি বাজার, ঢাকা-১২১১

নং-কমন/৩২১/রেজিঃ

তারিখ: ১৪-১১-২০০২

ফায়িল ও কামিল শ্রেণীতে সংশোধিত ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতি ও অনুমতিপ্রাপ্ত সকল ফায়িল ও কামিল মাদরাসা প্রধানগণকে জানান যাচ্ছে যে, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে (২০০৪ সালের পরীক্ষার্থী) ফায়িল ও কামিল ১ম বর্ষে ভর্তিহুক ছাত্র-ছাত্রীদের ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মানুসারে টটলিস্ট ও রেজিস্ট্রেশন ফি জমা দানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ভর্তির নিয়মাবলী

- (১) বিলম্ব ফি ছাড়া ২৮-১১-২০০২ তারিখ পর্যন্ত ভর্তি করা যাবে এবং ব্যাংক ড্রাফট করতে হবে।
- (২) বিলম্ব ফিসহ ১৯-১২-২০০২ তারিখ পর্যন্ত ভর্তি করা যাবে এবং রেজিঃ ও ভর্তি বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট করতে হবে।
- (৩) নির্বাচনী পরীক্ষার মাধ্যমে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।
- (৪) নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।
- (৫) ১৯৯৯ এবং তৎপরবর্তী সালে আলিম/ফায়িল পাস করা ছাত্র-ছাত্রীরা ফায়িল ও কামিল শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে (১৯৯৯ সাল হতে ২০০১ সাল পর্যন্ত পাস করা ছাত্র-ছাত্রীদের শিক্ষা বিরতি ফি দিতে হবে)। তবে অনুমতিবিহীন মাদরাসায় ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। যে সকল মাদরাসা ০১-০৭-০২ তারিখ হতে ফায়িল, কামিল ১ম বর্ষ খোলার অনুমতি লাভ করেছে, সে সকল মাদরাসার ছাত্র-ছাত্রীরা নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন করতে পারবে।

ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (সকল বিভাগ/গ্রুপ Taught list ও রেজিস্ট্রেশন ফি বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী :

ক. নিম্নোক্ত ছক অনুযায়ী ১৩ ইঞ্চি ৯ ইঞ্চি সাইজের কাগজে ৩ (তিন) কপি Taught list প্রস্তুত করতে হবে।

মাদরাসার নাম : কোড নং :
গ্রুপ : উপজেলা : জেলা :

ক্রমিক নং ভর্তি রেজিস্টার অনুযায়ী	ছাত্র-ছাত্রীর নাম, পিতার নাম, মাতার নাম	পূর্ববর্তী পরীক্ষার বিবরণ রোল ও পাসের সন রেজিঃ ও সেশন	ভর্তির তারিখ	নৈর্বাচনিক বিষয় কোড	শিক্ষা বিরতি ফি বিলম্ব ফি	রেজিঃ ফি	কিলম্ব রেজিঃ ফি	মন্তব্য
খ.	Taught list-এর ১ (এক) কপি রেজিস্ট্রেশন ফি-এর সাথে বোর্ডে জমা দিয়ে S.I.F গ্রহণ করতে হবে। ১ (এক) কপি পূরণকৃত S.I.F-এর সাথে বোর্ডে প্রেরণ করতে হবে এবং ১ (এক) কপি মাদরাসায় অবশ্যই সংরক্ষণ করতে হবে।							
গ.	বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের Taught list, রেজিস্ট্রেশন ফি এবং ডিমান্ড ড্রাফট ২৮-১১-২০০২ তারিখ হতে ১৮-১২-২০০২ তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ৩১-১২-২০০২ তারিখ পর্যন্ত বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিয়ে জমার রসিদ ও টটলিস্ট রেজিস্ট্রেশন শাখায় দাখিল করে S.I.F গ্রহণ করতে হবে।							
ঘ.	২৩-০১-২০০৩ তারিখের মধ্যে পূরণকৃত S.I.F এক কপি Taught list সহ রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা-১২১১: ঠিকানায় রেজিস্টার ডাকযোগে অবশ্যই পৌছাতে হবে।							
ঙ.	কামিল শ্রেণীতে প্রতি গ্রুপের জন্য আলাদা আলাদা টটলিস্ট তৈরি করতে হবে।							
চ.	ফায়িল/কামিল রেজিস্ট্রেশন ফি-এর হার (জনপ্রতি) :							
শ্রেণী	রেজিঃ ফি	ক্রীড়া ফি	রোডের ছাউট	বিলম্ব রেজিঃ ফি	বিলম্ব ভর্তি ফি	শিক্ষা বিরতি ফি	গ্রুপ ও বিষয় পরিবর্তন	
ফায়িল	৩৫/-	১৫/-	১০/-	৭০/-	৭০/-	১৪০/-	৪০/-	
কামিল	৫০/-	X	X	৮০/-	৮০/-	১৬০/-	৪০/-	

- ডাকযোগে প্রেরিত ড্রাফট ও তালিকা Taught list গ্রহণ করা হবে না।
- শিক্ষা বিরতি এবং বিলম্ব ভর্তি ফি একত্রে জমা দিতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী শিক্ষা বিরতি ও কিলম্ব ভর্তি আছে তালিকায় তাদের নাম লাল কালিতে চিহ্নিত করতে হবে।
- নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে বোর্ডের অনুমতিপ্রাপ্ত স্বাক্ষরকৃত ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।
- রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে আদায়যোগ্য সোনালী ব্যাংকের ডি. ডি. (ডিমান্ড ড্রাফট) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণ করা হবে না। ড্রাফটের অপর পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি (ট্রুপি/ওড়না পরিহিত) ছবি মাদরাসায় সংরক্ষণ করতে হবে যা পরবর্তী সময়ে রেজিস্ট্রেশন কার্ডের সঙ্গে সংযোজ করতে হবে।
- পিতার নামের পূর্বে মৃত, হাজী, আলহাজ্ব, জজ, ব্যারিস্টার, ডঃ-ডাক্তার, মাস্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যাপক, অধ্যক্ষ, সুপারঃ, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, মোসাম্মৎ, এম. এ./বি. এ. ইত্যাদি লিখা যাবে না। অর্জিত পদবী ছাড়া পিতার নামের শেষে বংশপত পদবী লেখা যাবে।
- গৃহীত S.I.F পূরণের সময়ে অভ্যন্তরীণ সতর্কতা অবলম্বন করতে হবে। S.I.F-এর বৃত্ত ডরাটের ফটোকপি ঘষামাজা ও উপরিলিখন সম্পূর্ণ নিষিদ্ধ।
- বোর্ডের পূর্বানুমতি ব্যতীত মাদরাসা পরিবর্তনের ছাড়পত্র ইস্যু করা যাবে না এবং কোন ছাত্র-ছাত্রীকে ছাড়পত্র ছাড়া ভর্তি করা যাবে না। S.I.F ও টটলিস্ট মাদরাসা শিক্ষা বোর্ডে পাঠানোর পর ছাড়পত্র ইস্যু করা যাবে না।
- মাদরাসার আবেদনপত্রে, ছাত্র-ছাত্রীদের তালিকায় এবং বোর্ডের সাথে সব ধরনের যোগাযোগের ক্ষেত্রে মাদরাসার কোড ও সীল ব্যবহার করা বাধ্যতামূলক।
- ২২-০১-২০০৩ তারিখের পর গ্রুপ ও বিষয় পরিবর্তন করা যাবে না।
- ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

বিঃদ্রঃ ব্যাংক ড্রাফট যে তারিখেই করা হোক না কেন নির্ধারিত তারিখের মধ্যেই বোর্ডে জমা দিয়ে রসিদ ও S.I.F গ্রহণ করতে হবে।

পি-২৭০৯/২০০২(১০'X৩)

ডঃ এ. কে. এম ইয়াকুব হোসাইন
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।